

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
উপজেলা যুব উন্নয়ন অফিসারের কার্যালয়  
পাংশা, রাজবাড়ী।

সংস্কৃতি বিষয়ক স্থায়ী কমিটির কার্যবিবরণী


সভাপতি : জনাব মোঃ জালাল উদ্দিন বিশ্বাস, উপজেলা ভাইস চেয়ারম্যান, পাংশা, রাজবাড়ী।  
সভার স্থান : উপজেলা পরিষদ ভাইস চেয়ারম্যান এর অফিস কক্ষ।  
সভার তারিখ : ০৬/০৮/২০২১খ্রিঃ, সময় : দুপুর ১২.০০ ঘটিকায়।

সভায় উপস্থিত সদস্যবৃন্দের তালিকা : পরিশিষ্ট-‘ক’

সভাপতি উপস্থিত সম্মানিত সদস্যগণকে স্বাগত জানিয়ে সভা শুরু করেন। অতপর উপজেলা যুব উন্নয়ন অফিসার ও সদস্য সচিব কে পাংশা উপজেলার সংস্কৃতি বিষয়ক কার্যক্রমে নিম্নে তুলে ধরেন।

ক্রঃ নং	আলোচনা	সিদ্ধান্ত
১	সভাপতি জানান যে ১৫ ই আগস্ট পালিত হবে জাতির জনক বঙ্গবন্ধুর মুরালে পুষ্পার্ঘ্য অর্পন ও কাঙ্গালী ভোজের মাধ্যমে জাতীয় শোক দিবস। সর্বত্র বিনম্র শ্রদ্ধা ও স্মরণের মাধ্যমে জাতির জনক বঙ্গ বন্ধু শেখ মুজিবুর রহমানের ৪৭ তম শাহাদৎ বার্ষিকী ও জাতীয় শোক দিবস পালিত হবে। এছাড়া, হালুয়াঘাট শহর ও শহরতলীতে বঙ্গ বন্ধু শেখ মুজিবুর রহমানের শাহাদৎ বার্ষিকী পালন হবে বিভিন্ন আয়োজনের মধ্যে। দুপুরে জোহরের নামাজের পরে, আহর এবং মাগরিব নামাজের শেষে মিলাদ মাহফিল ও বিশেষ দোয়া অনুষ্ঠান অনুষ্ঠিত হবে। কাঙ্গালী ভোজের মাধ্যমে জাতীয় শোক দিবস যথাযথ মর্যাদায় পালিত হবে। জাতীয় শোক দিবসে পূজা মন্দিরের নানা কর্মসূচি। জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ৪৭ তম শাহাদৎ বার্ষিকী ও জাতীয় শোক দিবস উপলক্ষে কালুখালী পূজার মন্দিরে আলোচনা অনুষ্ঠান ও বিশেষ প্রার্থনা অনুষ্ঠিত হবে। মন্দির ভিত্তিক শিশু ও গণশিক্ষা কার্যক্রম কালুখালী আয়োজন আলোচনা ও বিশেষ প্রার্থনা অনুষ্ঠিত হবে পাংশা ইসলামীয়া দাখিল মাদ্রাসায় জাতীয় শোক দিবস উপলক্ষে আলোচনা সভা ও দোয়া মাহফিল অনুষ্ঠিত হবে। ব্যাপক আয়োজনে জাতীয় শোক দিবস পালিত হবে হালুয়াঘাট বঙ্গবন্ধুর প্রতিকৃতিতে উপজেলা প্রশাসনসহ বিভিন্ন সংগঠনের পক্ষ থেকে পুষ্পমাল্য অর্পণ করা হবে। এদিকে শোক দিবসের দিনে সূর্যোদয়ের সাথে-সাথে জাতীয় পতাকা উত্তোলন পূর্বক অর্ধনমিতকরণ, কালো পতাকা উত্তোলন, কালো ব্যাজ ধারণ, বঙ্গবন্ধুর জীবনী ওপর ‘চিরঞ্জীব বঙ্গবন্ধু ও আমাদের বঙ্গবন্ধু’ প্রামাণ্য চিত্র প্রদর্শন, বঙ্গবন্ধুর জীবনী ভিত্তিক রচনা প্রতিযোগিতা, বঙ্গবন্ধুর জীবনী ও মুক্তিযুদ্ধ ভিত্তিক পুস্তক প্রদর্শনী ও পাঠ প্রতিযোগিতা, শিশুদের চিত্রাংকন প্রতিযোগিতা, আলোচনা সভা, পবিত্র কোরআন খতম, সকল মসজিদে মিলাদ ও দোয়া মাহফিল, সকল মন্দির-গির্জা ও অন্যান্য প্রতিষ্ঠানে বিশেষ প্রার্থনার আয়োজন হবে। এদিকে দিবসটি উপলে আওয়ামী লীগ, সকল অঙ্গ ও সহযোগি সংগঠন জেলার বিভিন্ন স্থানে খাদ্য বিতরণসহ নানান কর্মসূচির মধ্য দিয়ে জাতীয় শোক দিবস ও জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ৪৭ তম শাহাদৎ বার্ষিকী পালন।	ব্যাপক আয়োজনে পাংশা উপজেলা প্রশাসনের উদ্যোগে জাতির জনক বঙ্গবন্ধুর শোকদিবস উৎসাপন করা হবে।।  পাট্টা ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান এর প্রস্তাব বিবেচনা পূর্বক ব্যবস্থা নিতে বলেন।

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

  
(মোঃ জালাল উদ্দিন বিশ্বাস)

ভাইস চেয়ারম্যান


উপজেলা পরিষদ পাংশা, রাজবাড়ী।

তারিখঃ ০৬/০৮/ ২০২১

স্মারক নং যুব / পাংশা/২০২১-28

অনুলিপিঃ সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থেঃ

- ১। জেলা প্রশাসক রাজবাড়ী।
- ২। উপ-পরিচালক স্থানীয় সরকার, রাজবাড়ী।
- ৩। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, পাংশা, রাজবাড়ী।
- ৪। উপজেলা নির্বাহী অফিসার, পাংশা, রাজবাড়ী।
- ৬। চেয়ারম্যান.....ইউপি, পাংশা, রাজবাড়ী।

  
উপজেলা যুব উন্নয়ন অফিসার  
পাংশা, রাজবাড়ী।